রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/৩১ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও নং ২৯৫-আইন/আয়কর-১৭-২০২৩।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩৪১ এ প্রদত্ত ক্ষমতাবলে, উক্ত আইনের ষষ্ঠ তফসিলের নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত তফসিলের—

(ক) অংশ ১ এর দফা (৩৩) এর প্রান্তস্থিত দাঁড়ি চিহ্নের পরিবর্তে সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নূতন দফা (৩৪) সংযোজিত হইবে, যথা:—

"(৩৪) সর্বজনীন পেনশন স্কিমের আওতায় পেনশন বাবদ উদ্ভূত কোনো আয়।";

(খ) অংশ ৩ এর অনুচ্ছেদ ২ এর দফা (৭) এর উপ-দফা (গ) এর পর নিম্নবর্ণিত নূতন উপ-দফা (ঘ) সংযোজিত হইবে, যথা:—

"(ঘ) সর্বজনীন পেনশন স্কিমে প্রদেয় যে কোনো পরিমাণ চাঁদা;"।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(১৫৫৪৭)
মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com